

একাডেমিক শাখা
রেজিস্ট্রার দপ্তর
প্রশাসনিক ভবন (৫ম তলা)



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ।

তারিখ: ২৮.১১.২০১৮

বিজ্ঞপ্তি

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সকল ইউনিট/উপ-ইউনিটে মুক্তিযোদ্ধা কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদেশক্রমে জানানো যাচ্ছে যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সকল (A, B, C ও D) ইউনিট ও (B1 ও D1) উপ-ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ মুক্তিযোদ্ধা কোটায় (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা অর্থাৎ FFQ1 এবং পুত্র/কন্যার পুত্র/কন্যা অর্থাৎ নাতি-নাতনি-FFQ2) ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

মুক্তিযোদ্ধা কোটায় সাক্ষাৎকার গ্রহণের সময়সূচি (সকল ইউনিট/উপ-ইউনিট)

তারিখ	কোটার নাম	সাক্ষাৎকারের সময়	স্থান	মন্তব্য
০৫ ডিসেম্বর ২০১৮ (বুধবার)	মুক্তিযোদ্ধা : মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা (FFQ1)	সকাল ১০:০০ টা	ব্যবসায় প্রশাসন অনুষদ অডিটোরিয়াম	১৩.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত মুক্তিযোদ্ধা কোটায় (FFQ1) সাক্ষাৎকারে অনুপস্থিত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা
০৫ ডিসেম্বর ২০১৮ (বুধবার)	মুক্তিযোদ্ধা : মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যা অর্থাৎ নাতি/নাতনি (FFQ2)	সকাল ১০:৩০ টা	ব্যবসায় প্রশাসন অনুষদ অডিটোরিয়াম	A ইউনিট মেধাক্রম (FFQ2) ১ থেকে ২২০ পর্যন্ত B ইউনিট FFQ2 -এ উত্তীর্ণ সকল শিক্ষার্থী B1 উপ-ইউনিট FFQ2 -এ উত্তীর্ণ সকল শিক্ষার্থী C ইউনিট মেধাক্রম (FFQ2) ১ থেকে ৬০ পর্যন্ত D ইউনিট FFQ2 -এ উত্তীর্ণ সকল শিক্ষার্থী D1 উপ-ইউনিট FFQ2 -এ উত্তীর্ণ সকল শিক্ষার্থী


মুক্তিযোদ্ধা কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু প্রার্থীদের নিম্নে উল্লিখিত কাগজপত্র/সনদ/ডকুমেন্ট সঙ্গে নিয়ে আসতে হবেঃ

১. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ ডাউনলোডকৃত “ভর্তি পরীক্ষার প্রবেশপত্র” ২ কপি
২. পরীক্ষার্থীর ভর্তি পরীক্ষার ফলাফল বিবরণী ২ কপি
৩. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ ডাউনলোডকৃত “শিক্ষার্থীর বিভাগ/বিষয় পছন্দক্রম ফরম” ২ কপি
৪. পরীক্ষার্থীর এইচ.এস.সি./সমমান পরীক্ষার মার্কশীট, সার্টিফিকেট বা প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি এবং এক সেট ফটোকপি
৫. পরীক্ষার্থীর এস.এস.সি./সমমান পরীক্ষার মার্কশীট, সার্টিফিকেট বা প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি এবং এক সেট ফটোকপি
৬. এক কপি পাসপোর্ট সাইজের ছবি ও যথাযথ ওয়ারিশ সনদসহ সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে ভর্তি নির্দেশিকায় বর্ণিত প্রয়োজ্য সংশ্লিষ্ট কাগজপত্রের মূল কপি এবং এক সেট ফটোকপি

কোন পরীক্ষার্থীর একাধিক ইউনিট/উপ-ইউনিটের উত্তীর্ণ তালিকায় নাম থাকলে উক্ত পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটে আলাদা আলাদা ভাবে সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় উপরোক্ত ক্রমিক ১ নং থেকে ৬ নং এ উল্লিখিত কাগজপত্র/সনদ/ডকুমেন্টের আলাদা সেট স্ব স্ব ইউনিট/উপ-ইউনিটে জমা দিতে হবে।

কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী সাক্ষাৎকারের দিন (নির্দিষ্ট সময়ে) অনুপস্থিত থাকলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে: (<http://admission.cu.ac.bd>) পাওয়া যাবে এবং প্রয়োজনে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত হটলাইন/হেল্পলাইন নম্বরে যোগাযোগ করা যাবে।


(এস. এম. আকবর হোসাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
ও সচিব, ভর্তি কমিটি, চ.বি.
